



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/সংস্থাপন/৪২৬/১

তারিখঃ ২৫.০৪.২০১৮খ্রিঃ

বিষয়ঃ নেত্রকোণা জেলার দুর্গাপুর উপজেলাধীন দুর্গাপুর দ্বিনী আলিম মাদ্রাসার জুনিয়র মৌলভী জনাব মোঃ ফকরুল ইসলাম এর চাকুরী থেকে অপসারণ অনুমোদন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

সূত্রঃ ০৪/১২/২০১৭খ্রিঃ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, নেত্রকোণা জেলার দুর্গাপুর উপজেলাধীন দুর্গাপুর দ্বিনী আলিম মাদ্রাসার জুনিয়র মৌলভী জনাব মোঃ ফকরুল ইসলাম এর চাকুরী থেকে অপসারণ অনুমোদনের জন্য মাদ্রাসার কর্তৃপক্ষ কর্তৃক চাকুরী থেকে অপসারণ সংক্রান্ত কাগজপত্রসহ আবেদন দাখিল করা হয়।

দাখিলকৃত আবেদনের বিষয়টি বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির ২৭/০২/২০১৮খ্রিঃ তারিখের সভায় উপস্থাপন করা হলে এ বিষয়ে কমিটির সদস্যবৃন্দ বিস্তারিত আলোচনা করেন। আলোচনান্তে জুনিয়র মৌলভী জনাব মোঃ ফকরুল ইসলাম এর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে যে প্রতিবেদন দাখিল করা হয়েছে, তা সন্তোষজনক না থাকায় এবং অধ্যক্ষ কর্তৃক অভিযোগের বিষয়ে দাখিলকৃত সমর্থনীয় কাগজপত্র ও প্রমানাদি এবং সভায় প্রদেয় মৌখিক বক্তব্য সন্তোষজনক না হওয়ায় জুনিয়র মৌলভী জনাব মোঃ ফকরুল ইসলাম এর বরখাস্ত আবেদনটি খারিজ করে চাকুরীতে পুনর্বহালের সিদ্ধান্ত গৃহীত হয়।

বর্ণিত অবস্থায় আপিল এন্ড আরবিট্রেশন কমিটির গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী পত্র প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে জুনিয়র মৌলভী জনাব মোঃ ফকরুল ইসলামকে স্বপদে বহাল করে বোর্ডকে অবহিত করার জন্য সভাপতি ও অধ্যক্ষকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


25.04.18

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) সভাপতি-গভার্ণিং বডি;

২) অধ্যক্ষ, দুর্গাপুর দ্বিনী আলিম মাদ্রাসা, দুর্গাপুর, নেত্রকোণা।

নং-বামাশিবো/সংস্থাপন/

তারিখঃ .০৪.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. উপজেলা নির্বাহী অফিসার, দুর্গাপুর, নেত্রকোণা।
২. জেলা শিক্ষা অফিসার, নেত্রকোণা।
৩. জনাব মোঃ ফকরুল ইসলাম, জুনিয়র মৌলভী, দুর্গাপুর দ্বিনী আলিম মাদ্রাসা, দুর্গাপুর, নেত্রকোণা।
৪. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪